

সভা নং - ০৩(তিন)

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোহাম্মদ মুরাদুজ্জামান
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
মধুখালী, ফরিদপুর।

স্থান : ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

তারিখ : ২৮/১২/২০২৩ ইং

সময়ঃ সকাল ১০ঃ ৪৫ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ :

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ ওয়ালিদ হাসান মামুন	চেয়ারম্যান, কামালদিয়া ইউনিয়ন পরিষদ(সদস্য)	স্বাক্ষরিত
০২	জনাব মোঃ সাব্বির উদ্দিন	চেয়ারম্যান, মেগচামী ইউনিয়ন পরিষদ(সদস্য)	স্বাক্ষরিত
০৩	জনাব মোর্শেদা আক্তার	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ(সদস্য)	স্বাক্ষরিত
০৪	জনাব আজিজুর রহমান	(কো-অপ্ট সদস্য)	স্বাক্ষরিত
০৫	জনাব ডাঃ হাবিবুর রহমান	(কো-অপ্ট সদস্য)	স্বাক্ষরিত
০৬	জনাব আলভীর রহমান	উপজেলা কৃষি কর্মকর্তা (সদস্য-সচিব)	স্বাক্ষরিত


সভার আলোচ্য বিষয়বস্তু :

- ১। নিয়মিত মাঠ পরিদর্শন ও পরামর্শ প্রদান।
- ২। মাটির স্বাস্থ্য সুরক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও নিরাপদ ফসল উৎপাদনে সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহার।
- ৩। ধানের জমিতে শতভাগ পার্চিং।
- ৪। বিবিধ।

সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ :

আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১। নিয়মিত মাঠ পরিদর্শন ও পরামর্শ প্রদান	জনাব মোঃ ওয়ালিদ হাসান মামুন, চেয়ারম্যান, কামালদিয়া ইউনিয়ন পরিষদ, তিনি জানান চলতি রবি মৌসুমে মাঠে সরিষা, গম, মসুর, ভুট্টা বোরোসহ বিভিন্ন ফসল বিদ্যমান রয়েছে। উক্ত ফসলগুলোর জন্য সকল প্রকার রাসায়নিক সারের সঠিক ব্যবহার ও মজুদ নিশ্চিত করা প্রয়োজন।	সকল বিসিআইসি, বিএডিসি ও খুচরা সার বিক্রেতাদেরকে তাদের বিক্রয় কেন্দ্রে পর্যাণ্ড সার সরবরাহ নিশ্চিত রাখা এবং নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সকল বিসিআইসি, বিএডিসি ও খুচরা সার বিক্রেতা
২। ধানের জমিতে শতভাগ পার্চিং।	কামালদিয়া ইউপি চেয়ারম্যান ও মেগচামী ইউপি চেয়ারম্যান সভাকে জানান বোরো ধানের জমিতে শতভাগ পার্চিং এর লক্ষ্যে কাজ করতে হবে।	বোরো ধানের জমিতে শতভাগ পার্চিং এর লক্ষ্যে কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা/ উপসহকারী কৃষি কর্মকর্তা
৩। মাটির স্বাস্থ্য সুরক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও নিরাপদ ফসল উৎপাদনে সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহার।	উপজেলা কৃষি কর্মকর্তা জানান, মাটির স্বাস্থ্য সুরক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন, কুমড়া জাতীয় ফসলে সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহার করতে হবে।	মাটির স্বাস্থ্য সুরক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন করার জন্য কৃষকদেরকে পরামর্শ প্রদান করতে হবে। কুমড়া জাতীয় ফসলে সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহার করার জন্য কৃষকদের কে পরামর্শ প্রদান করতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা/ উপসহকারী কৃষি কর্মকর্তা
০৪। বিবিধ আলোচনা	বিবিধ আলোচনায় সভাপতি জনাব মোহাম্মদ মুরাদুজ্জামান জানান, উপজেলার কৃষি ও কৃষকের সার্থে ভেজাল সার ও কীটনাশক ক্রয় বিক্রয়ের বিষয়ে সতর্ক থাকতে হবে।	উপজেলার কৃষি ও কৃষকের সার্থে ভেজাল সার ও কীটনাশক ক্রয় বিক্রয়ের বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট সহ সকল প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।	উপজেলা প্রশাসন, মধুখালী, ফরিদপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।


26/12/2026

(জনাব মোহাম্মদ মুরাদুজ্জামান)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী
কমিটি

ও


ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ
মধুখালী, ফরিদপুর।

স্মারক নং

তারিখ :-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।
- ৪। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।
- ৫। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।
- ৬। অফিস নথি।


28.12.23

(আলভীর রহমান)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি
মধুখালী, ফরিদপুর।